গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৯ এপ্রিল ২০১৫, ২৬ চৈত্র ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিতে গণমাধ্যমের প্রতি রাষ্ট্রপতির আহ্বান
২। বিদেশে নয়, দেশেই চিকিৎসা নেবেন প্রধানমন্ত্রী
৩। ক্রয় কমিটির বৈঠকে চারটি রেন্টাল বিদ্যুৎ কেন্দ্রের মেয়াদ বৃদ্ধিসহ ১১ প্রস্তাব অনুমোদন
৪। প্রবৃদ্ধির হার ৭ শতাংশের কাছাকাছি থাকবে : অর্থমন্ত্রী
৫। নারায়ণগঞ্জের সাত খুন মামলার চার্জশিট দাখিল
৬। চূড়ান্ত রায় শুনলেন কামারুজ্জামান : যে কোনো মুহূর্তে ফাঁসি
৭। মন্ত্রী-এমপিরা নির্বাচনী প্রচারণায় অংশ নিলে আইনি ব্যবস্থা : নির্বাচন কমিশন
৮। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আজ
৯। ৩৫তম বিসিএস প্রিলিমিনারির ফল প্রকাশ : উত্তীর্ণ ২০,৩৯১ জন
১০। স্কুল-কলেজে সাঁতার শেখানোর নির্দেশ : শিক্ষা কার্যক্রমের অংশ করে পরিপত্র
১১। ঋণ মওকুফে নতুন নীতিমালা

চলমান পাতা/২

১। জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিতে গণমাধ্যমের প্রতি রাষ্ট্রপতির আহ্বান

দেশের জনগণের প্রতি দায়বদ্ধ থেকে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিয়ে গণমাধ্যমকে সংবাদ ও মতামত পরিবেশনের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ৮ এপ্রিল বুধবার মুক্তিযুদ্ধবিষয়ক সাংবাদিকতার জন্য দৈনিক সংবাদ সম্পাদক বজলুর রহমান পদক-২০১৪ প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, বর্তমানে দেশে গণমাধ্যম পূর্ণ স্বাধীনতা ভোগ করছে। সংবাদপত্র, ইলেক্ট্রনিক মিডিয়া তাদের মত প্রকাশের ক্ষেত্রে পূর্ণ স্বাধীনতা ভোগ করছে। এ কারণে সংবাদপত্র ও ইলেক্ট্রনিক মিডিয়ার দায়িত্বও প্রচুর। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)।

২। বিদেশে নয়, দেশেই চিকিৎসা নেবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার ব্যাপারে তাঁর তীব্র অনীহা প্রকাশ করে ঘোষণা দিয়েছেন এখন থেকে তিনি গাজীপুরে শেখ ফজিলাতুন নেছা মুজিব কেপিজে বিশেষায়িত হাসপাতালে চিকিৎসা নেবেন। প্রধানমন্ত্রী বলেন, কিছু মানুষ আছেন তাদের সামান্য একটু অসুখ হলেই চিকিৎসার জন্য বিদেশে যান। এ ব্যাপারে আমার তীব্র অনীহা আছে। কেন আমরা চিকিৎসার জন্য বিদেশে যাব। আর কেন এ দেশে আন্তর্জাতিকমানের হাসপাতাল গড়ে উঠবে না। এছাড়াও প্রধানমন্ত্রী আরও ১০ হাজার নার্স নিয়োগ দেওয়ারও ঘোষণা দেন। তিনি গতকাল ৮ এপ্রিল বুধবার কাশিমপুর তেঁতুইবাড়িতে শেখ ফজিলাতুন নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজের শিক্ষা কার্যক্রম উদ্বোধনকালে এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৩। ক্রয় কমিটির বৈঠকে চারটি রেন্টাল বিদ্যুৎ কেন্দ্রের মেয়াদ বৃদ্ধিসহ ১১ প্রস্তাব অনুমোদন

চারটি রেন্টাল বিদ্যুৎ কেন্দ্রের মেয়াদ বাড়ানো ও ৫৭৮ কোটি টাকা ব্যয়ে কক্সবাজার বিমানবন্দর উন্নয়ন প্রকল্পসহ মোট ১১টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। চারটি বিদ্যুৎ কেন্দ্রের মধ্যে তিনটির মেয়াদ বেড়েছে ৩ বছর করে এবং একটির মেয়াদ বেড়েছে ২ বছর। গতকাল ৮ এপ্রিল বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে বৈঠকে ক্রয় প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.৩), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৬)।

৪। প্রবৃদ্ধির হার ৭ শতাংশের কাছাকাছি থাকবে : অর্থমন্ত্রী

চলতি অর্থবছরের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধির হার ৭ শতাংশের কাছাকাছি থাকবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি জানান, আগামী ২০১৫-১৬ অর্থবছরের প্রবৃদ্ধির হার ধরা হবে ৭ শতাংশেরও বেশি। সচিবালয়ে গতকাল ৮ এপ্রিল বুধবার অনুষ্ঠিত আর্থিক, মুদ্রা ও মুদ্রা বিনিময়ের হার সংক্রান্ত সমন্বয় কাউন্সিল ও সম্পদ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৪), যুগান্তর (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)। ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। নারায়ণগঞ্জের সাত খুন মামলার চার্জশিট দাখিল

নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর সাত খুনের ঘটনায় করা দুইটি মামলার চার্জশিট (অভিযোগপত্র) গতকাল ৮ এপ্রিল বুধবার আদালতে দাখিল করেছে পুলিশ। চার্জশিটে র‌্যাব-১১ এর সাবেক অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল তারেক সাঈদ মোহাম্মদ, সাবেক উপ-অধিনায়ক মেজর আরিফ হোসেন ও লেফটেন্যান্ট কমান্ডার (অব.) এম এম রানাসহ ৩৫ জনকে আসামি করা হয়েছে। এর মধ্যে র‌্যাবের সদস্য ২৫ জন। ভারতে গ্রেফতার ওয়ার্ড কাউন্সিলর নূর হোসেনসহ ১০ জন সাধারণ মানুষ। চার্জশিটে বলা হয়েছে, মেজর (অব.) আরিফ ও নূর হোসেন হত্যাকাণ্ডের পরিকল্পনা করেন। আধিপত্য বিস্তার ও মাদক ব্যবসার নিয়ন্ত্রণ নিতেই এই হত্যাকাণ্ড ঘটনো হয় বলে মনে করেন তদন্তকারী কর্মকর্তা। সূত্র-ইত্তেফাক, সমকাল, যুগান্তর, সংবাদ, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ এজ, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। চূড়ান্ত রায় শুনলেন কামারুজ্জামান : যে কোনো মুহূর্তে ফাঁসি

যে কোনো সময় মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামারুজ্জামানের ফাঁসির রায় কার্যকর করা হবে। গতকাল ৮ এপ্রিল বুধবার ফাঁসির রায়ের কপি ট্রাইব্যুনাল থেকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে পৌঁছেছে। ঢাকা কেন্দ্রীয় কারাগারের তত্ত্বাবধায়ক ফরমান আলী বলেন, ট্রাইব্যুনাল পাঠানো রায়ের কপি পাওয়ার পর আসামিকে তা পড়ে শোনানো হয়েছে। আসামি রাষ্ট্রপতির কাছে ক্ষমা চাইবেন কি না-এ জন্য অপেক্ষা করা হচ্ছে। ঢাকা কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষ আজ ৯ এপ্রিল বৃহস্পতিবার সকাল ১১টায় কামারুজ্জামানের সঙ্গে তার আইনজীবীদের সাক্ষাতের অনুমতি দিয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৭)। জনকণ্ঠ, যায়যায়দিন, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। মন্ত্রী-এমপিরা নির্বাচনী প্রচারণায় অংশ নিলে আইনি ব্যবস্থা : নির্বাচন কমিশন

আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে মন্ত্রী, এমপি, স্পিকারসহ সরকারি সুবিধাভোগীরা কেউ নির্বাচনী কার্যক্রমে অংশগ্রহণ করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করে দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল ৮ এপ্রিল বুধবার নির্বাচন কমিশনার মো. শাহ নেওয়াজ তাঁর কার্যালয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এ সতর্কতা দেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৮), ইনকিলাব (পৃ.১,ক.৫), যুগান্তর (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১)।

৮। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আজ

ঢাকা ও চট্টগ্রামের তিন সিটি কর্পোরেশন নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আজ ৯ এপ্রিল বৃহস্পতিবার। যেসব প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েও নির্বাচন থেকে সরে দাঁড়াতে চান তাদের আজকের মধ্যে প্রার্থিতা প্রত্যাহার করে নিতে হবে। এরপরে আর কোনো প্রার্থীর মনোনয়নপত্র প্রত্যাহারের সুযোগ নেই। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইনকিলাব (পৃ.১,ক.৮), ভোরের কাগজ (পৃ.১,ক.৮), ডেইলি অবজারভার (পৃ.১,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.২)।

৯। ৩৫তম বিসিএস প্রিলিমিনারির ফল প্রকাশ : উত্তীর্ণ ২০,৩৯১ জন

৩৫তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ করেছে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি)। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ২০ হাজার ৩৯১ জন। গতকাল ৮ এপ্রিল বুধবার কমিশনের ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হয়। গত ৬ মার্চ এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। পিএসসির ওয়েবসাইট www.bpsc.gov.bd এ অথবা টেলিটক মোবাইল থেকে ফল পেতে PSC লিখে স্পেস দিয়ে ৩৫ লিখে স্পেস দিয়ে রেজিস্ট্রেশন নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করলে ফিরতি এসএমএসে ফল পাওয়া যাবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১)।

১০। স্কুল-কলেজে সাঁতার শেখানোর নির্দেশ : শিক্ষা কার্যক্রমের অংশ করে পরিপত্র

নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা কার্যক্রমের অংশ হিসাবে স্কুল, কলেজ ও মাদ্রাসায় সাঁতার শেখানো হবে। নিয়মিত শিক্ষা কার্যক্রমে সাঁতার প্রশিক্ষণ ও অনুশীলন যুক্ত করে একটি পরিপত্র জারি করেছে সরকার। শিক্ষা মন্ত্রণালয় গতকাল ৮ এপ্রিল বুধবার এ পরিপত্র প্রকাশ করে। এর আগে এ সংক্রান্ত একটি খসড়া পরিপত্র মতামত নেওয়ার জন্য প্রকাশ করেছিল শিক্ষা মন্ত্রণালয়। সংশ্লিষ্টদের মতামত নিয়ে পরিপত্রটি চূড়ান্ত করে এখন প্রকাশ করা হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.২, ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৮), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)।

১১। ঋণ মওকুফে নতুন নীতিমালা

ঋণ মওকুফের ক্ষেত্রে নতুন নীতিমালা জারি করেছে বাংলাদেশ ব্যাংক। পাশাপাশি পরিচালনা পর্ষদের অনুমোদন ছাড়া কোনো ঋণ মওকুফ করা যাবে না এবং প্রতি ত্রৈমাসিক ঋণ হিসাবে এর একটি প্রতিবেদন সিএল বিবরণীর সঙ্গে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে পাঠানোর নির্দেশও দিয়েছে। গতকাল ৮ এপ্রিল বুধবার বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ থেকে এ নীতিমালা প্রজ্ঞাপন আকারে জারি করা হয়েছে। পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালকদের কাছে তা পাঠানো হয়েছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৬), সমকাল (পৃ.১৪,ক.৭), যুগান্তর (শেষ পৃ.,ক.৫)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পরিচয় দিয়ে বিএনপির যুগ্ম মহাসচিব সালাহ উদ্দিন আহমদসহ রংপুরের মিঠাপুকুর উপজেলায় আরও কিছু ব্যক্তিকে তুলে নিয়ে নিখোঁজ করার ঘটনা উদ্বেগজনক হওয়ায় এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি;

খ. ইত্তেফাক : আমাদের জাতীয় আয়ে মৎস্য ও প্রাণীসম্পদের অবদান থাকায় এ খাতে বিনিয়োগ বাড়াতে উদ্যোগী হওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ, সমকাল : বিদেশে প্রবাসীদের নানা দুর্ভোগ লাঘবে দূতাবাসগুলোকে আরও দায়িত্ববান হওয়ার সুপারিশ;

ঘ. সংবাদ : টানা বৃষ্টিতে চট্টগ্রামে জলাবদ্ধতা সৃষ্টি হওয়ায় তা নিরসনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ও জনগণকে একযোগে কাজ করার আহ্বান;

ঙ. যুগান্তর : সিটি কর্পোরেশন নির্বাচনে অংশগ্রহণকারী বিরোধীদলসহ অন্য প্রার্থীদের মধ্যে যাদের বিরুদ্ধে জামিন অযোগ্য অপরাধের অভিযোগ নেই তাদের আগাম জামিনের বিষয়টি সুবিবেচনার সুপারিশ;

চ. নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার : অনিয়মতান্ত্রিক জীবনযাত্রা ও ভেজাল খাদ্য বাংলাদেশের অনেক মানুষের মৃত্যুর কারণ বিশ্ব স্বাস্থ্য সংস্থার এ পর্যবেক্ষণ আমলে নিয়ে এব্যাপারে সবাইকে সচেতন হওয়ার পরামর্শ;

ছ.	ডেইলি স্টার, নিউ এজ : প্রশাসনে একসাথে অনেক পদোন্নতি মেধার ভিত্তিতে না হয়ে রাজনৈতিক বিবেচনাপ্রসূত কিনা সে  ব্যাপারে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ;

জ.	ফিনানসিয়াল এক্সপ্রেস : পর্যাপ্ত চাল মজুদ থাকা সত্ত্বেও ভারত থেকে চাল আমদানিতে ধানের বাম্পার ফলনে কৃষকরা ক্ষতির মুখোমুখি হবে বলে আশঙ্কা করে চাল আমদানি বন্ধ করার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে অর্থনীতিতে স্বাভাবিক গতি ফিরিয়ে আনার জন্য রাজনৈতিক পদক্ষেপের প্রয়োজন রয়েছে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'রাজনৈতিক ও মানবিক প্রশ্নের উত্তর কোথায়' শিরোনামের নিবন্ধে ড. এ কে এম শাহনাওয়াজ রাজনীতিতে দূরদর্শিতা আর কৌশলের বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা